জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

পাঠ্যপুস্তক ভবন

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd

স্মারক নং: এনসিটিবি(সি)/২ই/৪৬৮/ ৮৪৩ তারিখ: ২৪/০৬/২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৪ শিক্ষাবর্ষে ১৩/০৭/২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের সময়সূচি পরিবর্তন প্রসঙ্গে।

সূত্র-১: এনসিটিবি'র স্মারক: ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.৬ তারিখ ১৬.৫.২০২৪
সূত্র-২: এনটিআরসিএ'র স্মারক: ৩৭.০৫.০০০০.০১০.০১.০০১.২৩.৯১৫ তারিখ ২৭.৫.২০২৪

বিষয় ও সূত্রের আলোকে সদয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, সূত্র-১ মোতাবেক ২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ থেকে নবম শ্রেণির জন্য ষান্মাসিক সামস্টিক মূল্যায়নের সময়সূচি ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক সূত্রোক্ত পত্রের এর মাধ্যমে জানানো হয়েছে যে, আগামী ১৩/০৭/২০২৪ তারিখ অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০২৩ এর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত শিক্ষক নিয়োগ পরীক্ষায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ভেন্যু হিসেবে এবং প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষকবৃন্দ নিয়োগ পরীক্ষার কাজে নিয়োজিত থাকবেন। NTRCA ঐ দিনের অনুষ্ঠিতব্য বিভিন্ন শ্রেণির ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রমের সময়সূচি পরিবর্তনের অনুরোধ করেছেন।

এমতাবস্থায়, আগামী ১৩/০৭/২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য ষষ্ঠ শ্রেণির বিজ্ঞান, সপ্তম শ্রেণির ইংরেজি, অষ্টম শ্রেণির শিল্প ও সংস্কৃতি এবং নবম শ্রেণির স্বাস্থ্য সুরক্ষা বিষয়সমূহের ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের কার্যক্রমসমূহ আগামী ০৩/০৮/২০২৪ তারিখ শনিবার গ্রহণের জন্য আপনার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২৪/৬/২৪
(প্রফেসর মোঃ মশিউজ্জামান)
চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)
ফোন: ২২৩৩-৮৫৪৩২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মহাপরিচালক, (গ্রেড-১) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নং এনসিটিবি(সি) /২ই/৪৬৮/ ৮৪৩ (০২) তারিখ: ২৪/০৬/২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৪. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
৫. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়।
৮. সহকারি প্রোগামার, এনসিটিবি (পত্রটি এনসিটিবির ওয়েবসাইটে আপলোডের জন্য)
৯. সংরক্ষণ নথি

২৪/৬/২৪
(মোসাঃ নাজমা আখতার)
সচিব, এনসিটিবি
২২৩৩-৮৫৬৪৪